

## **া** সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৪০

২৩/ মুসাকাত ও মুযারাত (বর্গাচাষ) (১৯১১)

পরিচ্ছেদঃ ৩. ঋনের কিছু অংশ মওকুফ করা মুস্তাহাব

# باب اسْتِحْبَابِ الْوَضْعِ مِنَ الدَّيْنِ

#### আরবী

حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ كَعْبِ بْنِ مَالِكِ، أَخْبَرَهُ عَنْ أَبِيهِ، أَنَّهُ تَقَاضَى ابْنَ أَبِي حَدْرَدٍ دَيْنًا كَانَ لَهُ عَلَيْهِ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي الْمَسْجِدِ فَارْتَفَعَتْ أَصْوَاتُهُمَا حَتَّى سَمِعَهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُو فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَجْدَرتِهِ وَنَادَى كَعْبَ بْنَ مَالِكِ فَقَالَ " يَا كَعْبُ " . الله عليه وسلم حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ وَنَادَى كَعْبَ بْنَ مَالِكِ فَقَالَ " يَا كَعْبُ " . فَقَالَ لَبَيْدِهِ أَنْ ضَعِ الشَّطْرَ مِنْ دَيْنِكَ . قَالَ كَعْبُ قَدْ فَعَلْتُ يَا رَسُولُ اللَّهِ . قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " قُمْ فَاقْضِهِ " .

#### বাংলা

৩৮৪০। হারামালা ইবনু ইয়াহইয়া (রহঃ) ... আবদুল্লাহ ইবনু কা'ব ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর আমলে একদিন মসজিদের মধ্যে ইবনু আবৃ হাদরাদ (রাঃ) এর নিকট তার প্রাপ্য ঋণের তাগাদা করেন। উভয়ের আওয়াজ উচ্চ হতে থাকে। রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সে আওয়াজ ঘর থেকে শুনতে পান এবং ঘরের পর্দা উঠিয়ে বাইরে তাদের নিকট চলে আসেন। তিনি কা'বকে ডাক দিলেন, হে কা'ব! তিনি বললেন, লাব্বাইক ইয়া রাসুলাল্লাহ! (আমি উপস্থিত আছি) রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম হাতের ইশারায় তাকে তার প্রাপ্য ঋণের অর্ধভাগ ক্ষমা করে দিতে বললেন। কা'ব (রাঃ) বলল, হে আল্লাহর রাসূল! আমি তাই করলাম। রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, যাও (তার অবশিষ্ট পাওনা) পরিশোধ কর।

### **English**

Abdullah b. Ka'ab b. Malik reported from his father that he pressed in the mosque Ibn Abu Hadrad for the payment of the debt that he owed to him



during the lifetime of Allah's Messenger (\*\*). (In this altercation) their voices became loud, until Allah's Messenger (\*\*) heard them, while he was in the house, so Allah's Messenger (\*\*) came out towards them, and he lifted the curtain of his apartment and he called upon Ka'b b. Malik and said: O Ka'b. He said: At thy beck and call, Allah's Messenger. He pointed out with the help of his hand to remit half of the loan due to him. Ka'b said: Allah's Messenger, I am ready to do that, whereupon Allah's Messenger (\*\*) said (to Ibn Abu Hadrad): Stand up and make him the payment (of the rest).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু কা'ব ইবনু মালিক (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন